



Shahjalal University of Science and Technology
Sylhet 3114, Bangladesh

স্মারক নং শাবি/সিএসই/৩৮৩

তারিখ : ৩০-০৯-২০২০ খ্রি.

রচনা প্রতিযোগিতায় রচনা আহ্বান (পুন:বিজ্ঞপ্তি)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিক (মুজিববর্ষ) উপলক্ষ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অন্যান্য কর্মসূচির পাশাপাশি এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। এ-লক্ষ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে। মানসম্মত নির্বাচিত রচনার জন্য ০৩ (তিন) জনকে পুরস্কৃত করা হবে। এছাড়া রচনাগুলো শাবিপ্রবি থেকে প্রকাশিতব্য মুজিবীয় 'স্মারকগ্রন্থ'-তে প্রকাশিত হবে।

রচনার বিষয়

'বঙ্গবন্ধু ও বাংলাদেশ', 'বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন', 'বঙ্গবন্ধু ও ছয়দফা', 'বঙ্গবন্ধু ও শিশু', 'বঙ্গবন্ধু ও সোনার বাংলা', 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ', 'বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন', 'বাংলাদেশের শিক্ষাব্যবস্থা ও বঙ্গবন্ধু', 'বাংলাদেশের কবিতায় বঙ্গবন্ধু' প্রভৃতি।

রচনাসমূহ আগামী ৩০-১১-২০২০ খ্রি.-এর মধ্যে নিজ নিজ ইমেইল ঠিকানা হতে mujib.borso@sust.edu-এই ই-মেইলে এবং হার্ডকপি জনাব মোহাম্মদ জয়নাল আবেদীন, সিএসই বিভাগ, (সদস্য-সচিব, স্মারকগ্রন্থ সম্পাদনা পর্ষদ)-এর নিকট প্রেরণের জন্যে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, রচনা প্রতিযোগিতায় প্রেরিত রচনাসমূহ চূড়ান্ত মনোনয়নের জন্যে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

রচনা প্রতিযোগিতা গাইড লাইন

- রচনায় অংশগ্রহণকারীদের নাম, বিভাগ, রেজিস্ট্রেশন নম্বর, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- রচনাসমূহ সর্বোচ্চ ২০০০ শব্দের মধ্যে (SutonnyMJ ফন্টে ১৪ সাইজ) অ৪ পেপারে হতে হবে।
- রচনায় বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ করতে হবে।
- রচনায় তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- রচনাটি মৌলিক হওয়া বাঞ্ছনীয়।

(প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস)

অধ্যাপক, গণিত বিভাগ

ও

সম্পাদক, মুজিববর্ষের মুজিবীয় 'স্মারকগ্রন্থ' সম্পাদনা পর্ষদ, শাবিপ্রবি

বিতরণ :

সকল বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট,, শাবিপ্রবি, সিলেট (তাকে অনুগ্রহ করে বিভাগ/হল/ইনস্টিটিউটের ছাত্র-ছাত্রীদের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।